সংবাদ

4 JAN 2017

# লার্নিং অ্যান্ড আর্নিং মেলায় রবির ‘টেন মিনিট স্কুল’

অর্থনৈতিক বার্তা পরিবেশক

অনলাইন শিক্ষার প্ল্যাটফর্ম ‘রবি-টেন মিনিট স্কুল’র সঠিক ও সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সঙ্গে একযোগে কাজ করবে মোবাইল ফোন অপারেটর রবি।

গতকাল রবি এক বিজ্ঞপ্তিতে জানায়, আইসিটি বিভাগের ‘লার্নিং অ্যান্ড আর্নিং’ প্রকল্পে এখন থেকে বিনামূল্যের এই ডিজিটাল শিক্ষার প্ল্যাটফর্মটিও তুলে ধরা হবে। শেখার সঙ্গে সঙ্গে কিভাবে উপার্জন করা যায় এই ধারণাকে তরুণদের কাছে পৌঁছে দিচ্ছে এই প্রকল্প। ২০১৪ সালের জানুয়ারিতে ফ্রিল্যান্সারদের দক্ষতাকে আরও বিকশিত করতে ‘লার্নিং অ্যান্ড আর্নিং’ প্রকল্প শুরু করে আইসিটি বিভাগ। এ প্রকল্পের উদ্দেশ্য অনলাইন আউটসোর্সিং কাজে তরুণদের সম্পৃক্ত করে কর্মসংস্থান বাড়ানো।

প্রকল্পের লক্ষ্য ২০১৭ সালের জুন নাগাদ দেশের ২০ হাজার এসএসসি বা এইচএসসি পাস ছাত্রীকে বেসিক আইটি বা আইসিটি, ৩৫ হাজার জনকে বেসিক ও অ্যাডভান্সড আউটসোর্সিং এবং ১ হাজার ৯২০ জন সাংবাদিককে আউটসোর্সিং-এর ওপর প্রশিক্ষণ দেয়া।

তরুণদের ফ্রিল্যান্সিং-এ ক্যারিয়ার গড়ায় উৎসাহিত করতে প্রকল্পের অংশ হিসেবে আইসিটি বিভাগ ‘লার্নিং অ্যান্ড আর্নিং’ মেলার আয়োজন করছে।

গত ১ ডিসেম্বর মানিকগঞ্জে অনুষ্ঠিত হয় এর প্রথম মেলা। এভাবে দেশজুড়ে ৬৪টি জেলায় এ মেলা অনুষ্ঠিত হবে।

এখন পর্যন্ত ঢাকা, ময়মনসিংহ, চট্টগ্রাম, কক্সবাজার, নাটোর, রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, নড়াইল, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া ও পাবনা জেলায় এ মেলার আয়োজন করা হয়েছে। এসব মেলায় স্থানীয় তরুণ ও শিক্ষকরা কিভাবে ‘টেন মিনিট স্কুল’ ব্যবহার করে বিনামূল্যে হাতের কাছে মানসম্পন্ন শিক্ষা পেতে পারেন সে বিষয়ে ধারণা দিচ্ছে রবি।

দেশজুড়ে শিক্ষার্থীদের কাছে ‘টেন মিনিট স্কুল’ কীভাবে মানসম্পন্ন শিক্ষা পৌঁছে দিচ্ছে সে বিষয়টি তুলে ধরেন প্যাটফর্মটির প্রতিষ্ঠাতা আয়মান সাদিক। এছাড়া জাতীয় শিক্ষাক্রম অনুযায়ী আইসিটি বিষয়টি শিক্ষার্থীদের ভালোভাবে বোঝার জন্য এর ওপর টেন মিনিট স্কুলের লাইভ ক্লাসের ব্যাপারেও বলেন তিনি।

‘রবি টেন মিনিট স্কুল’ শিক্ষার উপকরভিত্তিক একটি অনলাইন প্ল্যাটফর্ম যেখানে দুই লাখেরও বেশি সাবস্ক্রাইবারের ক্রমবর্ধমান চাহিদা পূরণের জন্য ৯১০টিরও বেশি ভিডিও টিউটরিয়াল ও ১ হাজার কুইজ রয়েছে।

রবি আজিয়াটা লিমিটেড তাদের ব্যবসায়িক দায়বদ্ধতার অংশ হিসেবে টেন মিনিট স্কুলকে সার্বিক সহযোগিতা প্রদান করছে।